



Working together for our Culture and Values

PO Box 1151, Ashfield NSW 1800, Australia

## সাধারণ বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সোসাইটি-পূজা ও সংস্কৃতির পূর্ব নির্ধারিত বিশেষ সাধারণ সভা গত ২০শে সেপ্টেম্বর ২০০৮-এ অ্যাশফিল্ড পোলিশ ক্লাবে যথার্থি অনুষ্ঠিত হয়। এ সভার সভাপতিত্ব করেন সোসাইটির সভাপতি ডঃ সুধীর লোধ। এ বিশেষ সাধারণ সভার আলোচ্য বিষয়বস্তুর উপর উপস্থিত সোসাইটির আর্থিক সদস্য-সদস্যদের বিস্তারিত আলোচনায় চলমান কার্যকরী পরিষদ ২০০৮-০৯ এর কার্যক্রম পরিচালনা সোসাইটির গঠনতন্ত্র মোতাবেক না হওয়ায় চরম অসন্তোষ প্রকাশ করা হয়। ফলে আসন্ন দুর্গাপূজা ও সোসাইটির অন্যান্য কার্যক্রম গঠনতান্ত্রিকভাবে পরিচালনাসহ সোসাইটির উদ্দেশ্য ও সুনাম অক্ষুন্ন রাখার স্বার্থে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-

- (১) কার্যকরী পরিষদ ২০০৮-০৯ বিলুপ্ত ঘোষণা করে ৯ (নয়) সদস্য বিশিষ্ট একটি অন্তর্বর্তীকালীন কমিটি গঠিত হয়। এ নতুন কমিটির সদস্য/সদস্যরা কার্যকরী পরিষদের নির্ধারিত বিভিন্ন পদে ভারপ্রাপ্ত হিসেবে দায়িত্ব পালন করে যাবেন। ভারপ্রাপ্ত পদ অনুযায়ী নব-নিযুক্ত সদস্য/সদস্যরা হলেন-

সভাপতিঃ	শ্রী নির্মল পাল
সহ-সভাপতিঃ	শ্রী নির্মল চৌধুরী
সাধারণ সম্পাদকঃ	শ্রী পরমেশ ভট্টাচার্য
সহঃ সাঃ সম্পাদকঃ	শ্রী নির্মাল্য তালুকদার
কোষাধ্যক্ষঃ	ডঃ আশুতোষ বাউড়ে
জনসংযোগ সম্পাদকঃ	শ্রী অশোক রায়
সাংস্কৃতিক সম্পাদকঃ	শ্রী প্রব ভৌমিক
সদস্যঃ	ডঃ সুধীর লোধ ও শ্রীমতি রত্না হোট

- (২) এ অন্তর্বর্তীকালীন কমিটির কার্য মেয়াদ হবে ৩ (তিন) মাস। সোসাইটির স্বাভাবিক কার্যক্রম পরিচালনার পাশাপাশি এ কমিটির প্রধান কাজ হচ্ছে সম্ভাব্য স্বল্পতম সময়ে একটি সাধারণ সভা আহ্বান করে নতুন কার্যকরী পরিষদ গঠন করা।

এ অন্তর্বর্তীকালীন কমিটি সোসাইটির সদস্য-সদস্যদের মধ্যে পারস্পরিক শ্রদ্ধা, সম্প্রীতি, সৌহার্দ ও ভ্রাতৃত্বপূর্ণ সম্পর্ক পূর্ণঃস্থাপন করার লক্ষ্যে কাজ করবে। তাই সোসাইটির বৃহত্তর স্বার্থে এ কমিটি আপনাদের আন্তরিক সহযোগিতা এবং গঠনমূলক পরামর্শ ও উপদেশ বিশেষভাবে কামনা করছে।

অশোক রায়  
ভারপ্রাপ্ত জনসংযোগ সম্পাদক  
২২ সেপ্টেম্বর ২০০৮